



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৬ মার্চ, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে। এ উপলক্ষে সকাল ৭.৩০ মিনিটে প্রশাসন ভবন-২ এর সামনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। দিবসটির অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ এর নেতৃত্বে ৭.৪৫ মিনিটে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পন, সকাল ৮ টায় মুক্ত মঞ্চে বঙ্গবন্ধুর ভাষণ, ৮.৩০ মিনিটে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন, সকাল ৯ টায় স্বাধীনতা দিবস উপলক্ষে মুক্তমঞ্চে সামনে স্কুলের শিক্ষার্থীদের নিয়ে অনুষ্ঠান।

সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সকলকে স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানিয়ে বলেন, আজকের এই দিনে স্মরণ করছি স্বাধীনতা ঘোষক সর্বকালের শ্রেষ্ঠ বাঙালী জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার সঠিক ও দূরদর্শী নেতৃত্বে আমরা পেয়েছিলাম প্রিয় স্বাধীনতা। স্বাধীনতা অর্জিত হয়েছে ঠিকই কিন্তু বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গঠনের কাজ এখনো অসম্পন্ন রয়ে গেছে। জাতির পিতার সুযোগ্য কন্যা দেশ রত্ন প্রধান মন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমাদের সকলকে যার যার অবস্থান থেকে কাজ করে সোনার বাংলা গড়ার অসম্পন্ন কাজ সম্পন্ন করতে হবে

শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন। এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সিডিকেট সদস্য প্রফেসর ড. মো. জহির বিন আলম, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মো. আব্দুল গণি, সেন্টার অব এক্সিলেন্স-এর পরিচালক প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি জনাব মুর্শেদ আহমেদ, সহায়ক কর্মচারী সমিতি সাধারণ সম্পাদক জনাব জাহাঙ্গীর আলম, কর্মচারী ইউনিয়নের সভাপতি জনাব মো. বিল্লাল মিয়া, শাহজালাল বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি জনাব রুহুল আমীন ও সাধারণ সম্পাদক জনাব ইমরান খান।

অনুষ্ঠান সঞ্চালনা করেন রেজিস্ট্রার জনাব মুহাম্মদ ইশফাকুল হোসেন।

উল্লেখ্য বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের মুক্ত মঞ্চে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার